

Dr. Shahjahan
Fore Evidence

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

৫২৭
২২/৮/১৬
৪২,০৬,১৬

নং-২২.০০.০০০০.০৫২.২৫.০১১.২০১৪- ৫৯৩

তারিখ: ১৮ আগস্ট ২০১৬


প্রজ্ঞাপন

জনাব মুহাম্মদ জামাল হোসেন তালুকদার, সহকারী বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা এর অনুকূলে APFNet Scholarship Programme এর আওতায় Nanjing Forestry University, Jiangsu, China-তে Master of Science প্রোগ্রাম করার জন্য আগামী ১লা সেপ্টেম্বর ২০১৬ হতে ৩০শে জুন, ২০১৮ পর্যন্ত নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রেরণ মঞ্জুর করা হলো :

শর্তাবলী :

১. তিনি কোর্স সম্পন্ন করার জন্য বা সম্পন্ন করার পর কোন বাড়তি সুবিধা/পদোন্নতি দাবী করতে পারবেন না;
২. এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
৩. কোর্স নির্ধারিত মেয়াদের মধ্যে কৃতকার্যতার সাথে সম্পন্ন করতে হবে;
৪. কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে বাংলাদেশ সরকারের অন্যরূপ নির্দেশ প্রদান না করলে কোর্সের মেয়াদ শেষ হওয়ার অব্যবহতি পরেই দেশে ফিরে আসতে হবে;
৫. ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প যথাযথভাবে সম্পাদিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
৬. কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করার জন্য আবেদন করা যাবে না;
৭. বাংলাদেশ সরকারের নির্দেশ অথবা অনুমোদন বৈদেশিক ছুটি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তা অবৈধ অনুপস্থিতি হিসাবে গণ্য হবে;
৮. কোর্স সমাপ্তির পর এ সংক্রান্ত সার্টিফিকেট সরকারের নিকট দাখিল করতে হবে।
৯. তিনি দেশীয় মুদ্রায় মূল কর্মস্থল হতে বিধি মোতাবেক বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(মোঃ জাহিদ উদ্দিন)
উপ-সচিব
ফোন : ৯৫৭৭২৪০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):


- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, বন শাখা-৩, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৯। প্রোগ্রামার, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। জনাব মুহাম্মদ জামাল হোসেন তালুকদার, সহকারী বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। অফিস কপি।

পত্র নং- ২২.০১.০০০০.০০৭.৪১,০৩,১৬-২৪৬৬

তারিখ : ২৩/৬/২০১৬ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্ত মহলে নির্দেশক্রমে প্রেরণ করা হলোঃ

- ১। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা।
- ✓ ৩। জনাব মুহাম্মদ জামাল হোসেন তালুকদার, সহকারী বন সংরক্ষক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা।


২৩/০৬/১৬

(মোঃ জাহিদুল কবির)

সহকারী প্রধান বন সংরক্ষক

সংস্থাপন ইউনিট।

ফোনঃ ৮১৮১১৪৬

